

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৩১

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৫৭. (হজ্জ ও উমরার সফরে) শত্রু দ্বারা বাধাপ্রাপ্ত হলে

بَاب فِي الْمُحْصَرِّ بَعْدُ

আরবী

حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ حَجَّاجِ الصَّوَّافِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عِكْرِمَةَ عَنْ الْحَجَّاجِ بْنِ عَمْرٍو الْأَنْصَارِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ كُسِرَ أَوْ عُرِجَ فَقَدْ حَلَّ وَعَلَيْهِ حَجَّةٌ أُخْرَى قَالَ أَبُو مُحَمَّدٍ رَوَاهُ مُعَاوِيَةُ بْنُ سَلَامٍ وَمَعْمَرٌ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عِكْرِمَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ عَنْ الْحَجَّاجِ بْنِ عَمْرٍو عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

১৯৩১. হাজ্জাজ ইবনু আমর আল আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যদি কারো (পা) ভেঙ্গে দেয়া হয় বা খোঁড়া বা অক্ষম হয়ে পড়ে, তবে তার জন্য হালাল হওয়া বৈধ। তবে তাকে অন্য বছর হজ্জ করতে হবে। রাবী ইকরামা বলেন, অতঃপর আমি এ সম্পর্কে ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু ও আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করলে তাঁরা উভয়ে এর সত্যতা স্বীকার করেন।[1]

আবু মুহাম্মদ বলেন, মুয়াবিয়াহ ইবনু সাল্লাম ও মা'মার হতে হাজ্জাজ ইবনু আমর হতে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেছেন।[2]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: তাহাবী, মুশকিলিল আছার ১/২৫১-২৫২; আবী নুয়াইম, হিলইয়া ১/৩৫৮; আহমাদ ৩/৪৫০; আবু দাউদ, মানাসিক ১৮৬২; তিরমিযী, হজ্জ ৯৪০; নাসাঈ, মানাসিক ৫/১৯৮, ১৯৯;; ইবনু মাজাহ, মানাসিক ৩০৭৭; তাবারানী, আল কাবীর ৩/২২৪ নং ৩২১১, ৩২১২; ইবনু আবী আসিম, আহাদ ওয়ালা মাছানী নং ২১৫৫; ইবনু সা'দ, আত তাবাকাত ৪/২/৪৭; বাইহাকী, হজ্জ ৫/২২০; দারুকুতনী ২/২৭৮; হাকিম ১/৪৭০, ৪৮৩; ইবনুল কানী, মু'জামুস সাহাবাহ নং ২২০।

[2] এ উভয় সনদই মুত্তাসিল সনদের অতিরিক্ত।

মুয়াবিয়ার হাদীসটি বর্ণনা করেছেন, তাহাবী, মুশকিলিল আছার ১/ ২৫২; ; ইবনুল কানি, মু'জামুস সাহাবাহ নং ২২০।

মা'মার এর হাদীসটি বর্ণনা করেছেন, আবু দাউদ, মানাসিক ১৮৬৩; তিরমিযী, হাজ্জ ৯৪০; ইবনু মাজাহ , মানাসিক ৩০৭৮; তাবারাণী, আল কাবীর ৩/২২৪ নং ৩২১৩; বাইহাকী, হাজ্জ ৫/২২০; হাকিম ১/৪৮৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হাজ্জাজ ইবন আমর আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82214>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন